

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

২৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১০ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২১৯৭

বিষয়: মোংলা বন্দরে আগত MV PROTECTOR ST RAPHAEL জাহাজের ২১৮০১.২০০ (+/-) মে.টন গমের মধ্যে ১৫০০১.২০০ (+/-) মে.টন গম ঢালা আকারে খালাসের অনুমোদন

- সূত্র: ১। চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখার ১৩-০৬-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২০৯২ নং স্মারক
২। চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখার ২৬-০৬-২০২৪ খ্রি. ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২১২৭ নং স্মারক
৩। রেনু শিপিং লাইনস ২৩-০৬-২০২৪ খ্রি. আরএসএল-০৬২৩২৪/০৮ নং স্মারকে আবেদন
৪। রেনু শিপিং লাইনস ০৮-০৭-২০২৪ খ্রি. আরএসএল-০৮০৭২৪/১৫ নং স্মারকের আবেদন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোংলা বন্দরে আগতব্য MV PROTECTOR ST RAPHAEL জাহাজ হতে সড়ক ও নৌপথে মোট ২১৮০১.২০০ (+/-) মে.টন গমের চলাচল সূচি সূত্রস্থ ১ নং স্মারকে জারি করা হয়। পরবর্তীতে রেনু শিপিং লাইনস কতৃক ৩ নং স্মারকে MV. PROTECTOR ST RAPHAEL জাহাজ হতে দ্রুত গম খালাসের লক্ষ্যে অধিক পরিমাণে (আনুমানিক ১৮০০০ মে.টন) বস্তাবন্দি করে জরুরিভিত্তিতে বাংলাদেশের বিভিন্ন জেলায় গম সরবরাহের জন্য সূচি জারি করা হলে আগত জাহাজগুলো দ্রুত গম খালাস করতে সক্ষম হবে মর্মে আবেদন করেছেন। সূত্রস্থ ২ নং স্মারকে মোংলা সাইলোতে উত্তোলনের জন্য বরাদ্দকৃত ৮০০১.২০০ মে.টন ঢালা গম হতে ৩০০০ মে.টন গম বস্তাবন্দি আকারে বাঘাবাড়ি/নগরবাড়ি ঘাটের মাধ্যমে বাস্তবায়নের জন্য জারিকৃত সূচির সংশোধনী প্রদান করা হয়।

০২। সূত্রস্থ ৪ নং স্মারকে উল্লেখ করা হয়েছে যে, "Mv. PROTECTOR ST RAPHAEL জাহাজে হতে গমের সূচি বাস্তবায়নের লক্ষ্যে যাবতীয় আনুষ্ঠানিকতা পালন শেষে গত ০৪ জুলাই ২০২৪ খ্রি. জাহাজ হতে ঢালা ও বস্তাবন্দি করে গম খালাস শুরু হয়। খালাস কার্যক্রম শুরু হওয়ার পর দেখা যায়, জাহাজের ০১ নম্বর ক্রেন মোংলা বন্দরে আসার পর থেকেই খারাপ অবস্থায় আছে। জাহাজের ৩ নং ও ৪ নং ক্রেনও মাঝে মধ্যে বন্ধ হয়ে যাচ্ছে উপরন্তু জাহাজের ক্রেনের গতিও কম। জাহাজের ১ নম্বর ক্রেন খারাপ থাকায় এবং অন্য ২টি ক্রেনের গতি কম হওয়ায় অর্থাৎ স্বাভাবিক গতিতে কম খালাস করতে না পারায় বস্তাবন্দি করে দৈনিক গম খালাসের পরিমাণ হ্রাস পাচ্ছে। এরূপ পরিস্থিতিতে বস্তাবন্দি করে মাল খালাস করা হয়, তবে গম খালাসে বিলম্বিত হবে এবং মোংলা বন্দরে জাহাজের অবস্থানের মেয়াদ আরা দীর্ঘায়িত হবে। এছাড়া পরবর্তী জাহাজ Mv. ELIM COURAGE ২২,০০০ মে.টন ঢালা গম নিয়ে মোংলা বন্দরে আগমন করবে আগামী ১৩ জুলাই ২০২৪ খ্রি.। আগত Mv. PROTECTOR ST RAPHAEL জাহাজ হতে দ্রুত গম খালাসের লক্ষ্যে বস্তাবন্দি খালাসের পরিমাণ ১৬,৮০০ মে.টন থেকে হ্রাস করে ৬,৮০০ মে.টন নির্ধারণ করে সূচি জারি করা হলে বন্দরে অবস্থানরত জাহাজ দ্রুত গম খালাস করতে সক্ষম হবে।"

০৩। এমতাবস্থায়, রেনু শিপিং লাইনস এর প্রস্তাব বিবেচনাপূর্বক Mv. PROTECTOR ST RAPHAEL জাহাজ হতে দ্রুত গম খালাসের লক্ষ্যে সূত্রস্থ ২ নং স্মারকে জারিকৃত ১৬৮০০ মে.টন বস্তাবন্দি গম থেকে ৬,৮০০ মে.টন বস্তাবন্দি গম হ্রাস করে ১৫০০১.২০০ (+/-) মে.টন গম ঢালা আকারে (পূর্বে ঢালা আকারে জারিকৃতসহ) মোংলা সাইলোতে উত্তোলনের অনুমোদন নির্দেশক্রমে প্রদান করা হলো।

০৪। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

১১-০৭-২০২৪

মোঃ এহসানুল হক
সহকারী খাদ্য নিয়ন্ত্রক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা বিভাগ, খুলনা, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, খুলনা;
- ২। জেলা খাদ্য নিয়ন্ত্রক, খুলনা এবং
- ৩। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, খুলনা।

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১৪.২২.২১৯৭/১ (৯)

২৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ১০ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত মহাপরিচালক, অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর;
- ২। পরিচালক (চলতি দায়িত্ব), হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ৩। পরিচালক (চলতি দায়িত্ব), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর;
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/বরিশাল;
- ৫। সাইলো অধীক্ষকের কার্যালয়, মোংলা সাইলো বাগেরহাট;
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হলো);
- ৭। জেলা খাদ্য নিয়ন্ত্রক
- ৮। মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৯। ব্যবস্থাপক সিএসডি।



১১-০৭-২০২৪

মোঃ এহসানুল হক
সহকারী খাদ্য নিয়ন্ত্রক